

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৮৪৫

আগরতলা, ২৯ মার্চ, ২০২৬

প্রধানমন্ত্রীর ১৩২তম মন কি বাত অনুষ্ঠান শুনলেন রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাথু আজ সকালে লোক ভবনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রচারিত 'মন কি বাত'-এর ১৩২তম পর্বটি শুনেন। এই উপলক্ষে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল বলেন, 'মন কি বাত'-এর মাধ্যমে প্রধানমন্ত্রী ধারাবাহিকভাবে জনগণকে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে সচেতন করে চলেছেন এবং সারা দেশ জুড়ে চলমান উন্নয়নমূলক কর্মকাণ্ডগুলিকে তুলে ধরছেন। প্রধানমন্ত্রী এই কর্মসূচির মাধ্যমে গত ১৩২ মাস ধরে জাতির উদ্দেশ্যে ভাষণ দিয়ে আসছেন।

রাজ্যপাল আরও জানান যে, 'মন কি বাত'-এর সর্বশেষ পর্বে প্রধানমন্ত্রী বেশ কিছু গুরুত্বপূর্ণ উদ্যোগের কথা তুলে ধরেছেন; যার মধ্যে উল্লেখযোগ্য হলো—জম্পুই পাহাড়ের 'ভাংমুন' গ্রামে জল সংরক্ষণের প্রচেষ্টা এবং ত্রিপুরার প্রত্যন্ত অঞ্চলগুলিতে বিদ্যুৎ উৎপাদন ও অন্যান্য প্রয়োজনে সৌরশক্তির ব্যবহার ইত্যাদি।

২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত' গড়ে তোলার বিষয়ে প্রধানমন্ত্রীর যে স্বপ্ন রয়েছে, তা বাস্তবায়নে রাজ্যের জনগণকেও অবদান রাখার জন্য রাজ্যপাল আহ্বানও জানান।
